কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
১৩৭/এ সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

**বিষয়ঃ কেজিডিসিএল এ ১.৩ ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

এতদ্বারা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে গ্যাস পাইপলাইন নির্মাণ কাজের ১.৩ ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানসমূহ-কে কেজিডিসিএল এ তালিকাভুক্তিকরণের লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী ঠিকাদারগণ কোম্পানির প্রধান কার্যালয়ের হিসাব ডিপার্টমেন্ট হতে আগামী ২০/১২/২০২০ তারিখ হতে ৩১/০১/২০২১ তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত সময়ে নগদ ২০০.০০ (দুইশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ১.৩ ও ১.৪ শ্রেণিতে তালিকাভুক্তির আবেদন ফরম এবং ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যে ১.৩ ও ১.৪ শ্রেণিতে তালিকাভুক্তি তফসিল এবং ঠিকাদার প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর/অংশীদারীর জন্য নগদ ৩০০.০০ (তিনশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে পরিচয়পত্র সংগ্রহের আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/দলিলপত্র দাখিল করতে হবে ঃ

১. তালিকাভুক্তির আবেদনপত্র ও তালিকাভুক্তি তফসিল ক্রয় রশিদের মূলকপি।

২. ১.২/১.৩ শ্রেণিতে হালনাগাদ তালিকাভুক্তি সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ১.২/১.৩ শ্রেণিতে নূন্যতম ৩ (তিন) বৎসর অবস্থানের স্বপক্ষে প্রমাণপত্র এবং ১.২/১.৩ শ্রেণিতে তালিকাভুক্ত থাকাকালীন সম্পাদিত কার্য অভিজ্ঞতার প্রমাণপত্র দাখিল করতে হবে (তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং ৩.১.১ ও ৩.১.২ অনুযায়ী)।

৩. লোকবলের তালিকা (তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.২ অনুযায়ী) দাখিল করতে হবে। জনশক্তির তালিকায় অন্তর্ভূক্ত প্রকৌশলী ও ফোরম্যানের প্রত্যেকের এক কপি ছবিসহ তাহাদের নিয়োগপত্র ও সনদপত্রের সত্যায়িত (স্বত্বাধিকারী বা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক ) কপি এবং ওয়েল্ডার ও ফিটারদের নিয়োগের বিষয়ে গ্যাস কোম্পানি কর্তৃক হালনাগাদ ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪. আবেদনপত্র দাখিলের তারিখ হতে সর্বাধিক ১ মাস পুর্বে ইস্যুকৃত স্বীকৃত কোন ইন্সপেকশন/সার্ভে সংস্থার প্রত্যায়িত যন্ত্রপাতি ও সরঞ্জামের তালিকার মূলকপি এবং ভাড়ায় সংগৃহীতব্য সরঞ্জামের ক্ষেত্রে কোন সংস্থা হইতে সংগৃহীত তার অঙ্গীকারপত্র দাখিল করতে হবে।

৫. আবেদনপত্র দাখিলের তারিখ হতে সর্বাধিক ১ মাস পুর্বে ইস্যুকৃত নূন্যতম ১০ (দশ) লক্ষ টাকা ১.৩ শ্রেণির জন্য এবং ২৫ (পঁচিশ) লক্ষ টাকার ১.৪ শ্রেণির জন্য ব্যাংক সচ্ছলতা সনদপত্রের (ব্যাংক সলভেনসি সার্টিফিকেট) মূল কপি (অস্পষ্ট বর্ণনার সনদপত্র গ্রহণযোগ্য নহে) দাখিল করতে হবে।

৬. সনাক্তকরনের প্রমাণস্বরূপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাজিষ্ট্রেট এর নিকট হতে হালনাগাদ সংগৃহীত স্বত্তাধিকারীর এ্যাফিডেভিট, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারীত্ব দলিল (মুখ্য অংশীদার উল্লেখ্যসহ) এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েসন দলিল দাখিল করতে হবে।

৭. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ আয়কর প্রদান সংক্রান্ত আয়কর প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি এবং ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮. তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারদেরকে নিরাপত্তা জামানত বাবদ ১.৩ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ টাকা জমা প্রদানের মূল রশিদ দাখিল করতে হবে।

৯. তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারদেরকে তালিকাভুক্তি ফি বাবদ ১.৩ শ্রেণির জন্য ১২,০০০.০০ (বার হাজার) টাকা ও ১.৪ শ্রেণির জন্য ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা নগদে (অফেরতযোগ্য) কেজিডিসিএল-এর হিসাব শাখায় জমা প্রদান করত জমাকৃত অর্থের মূল রশিদ দাখিল করতে হবে।

১০. তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারদেরকে মনোয়নকাল হতে পরবর্তী নবায়নকাল পর্যন্ত মেয়াদকালের জন্য তৃতীয় পক্ষের দায়বীমা পলিসি গ্রহণ করত: মূল কপি দাখিল করতে হবে। প্রতিটি দুর্ঘটনার জন্য তৃতীয় পক্ষের দায় হবে ন্যূনতম ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা মাত্র। এ ক্ষেত্রে দুর্ঘটনার সংখ্যা সীমিত নহে । এখানে উল্লেখ্য যে, তালিকাভুক্ত ঠিকাদারকে প্রতিটি প্রকল্প/কাজের চুক্তি স্বাক্ষরের/কার্যাদেশ গ্রহণের পূর্বে অবশ্যই ক্ষতিপূরণ বীমা পলিসি দাখিল করতে হবে।

১১. তালিকাভুক্তি তফসিলে নিঃশর্ত সম্মতি জ্ঞাপন/মানিয়া নেওয়ার নিদর্শনস্বরূপ আবেদনকারী ঠিকাদারকে অবশ্যই নিম্ন বর্ণনানুযায়ী ও স্বাক্ষর প্রদান করিতে হবেঃ-

১১.১। ঠিকাদারকে আবেদন ফরমসহ সম্পূর্ণ তালিকাভুক্ত তফসিল এবং উহার সহিত চাহিদানুযায়ী দাখিলকৃত সকল কাগজ/দলিলপত্রে সীলসহ স্বাক্ষর করতে হবে।

১১.২। তালিকাভুক্ত ঠিকাদারকে কোন প্রকল্পের কার্য নির্বাহের ক্ষেত্রে প্রতিটি প্রকল্পের জন্য পৃথকভাবে (ক) দরপত্র বিজ্ঞপ্তি, দরদাতাদের প্রতি নির্দেশাবলী, দরপত্রের বিশেষ শর্তাবলী, দরপত্রের সহিত সংশ্লিষ্ট অঙ্গীকারনামা ও অন্যান্য কাগজপত্রসহ সম্পূর্ন দরপত্র দলিল, (খ) কার্যাভিপ্রায়পত্র এবং (গ) কার্যাদেশের/চুক্তিপত্রের প্রতি পাতায় সীলসহ স্বাক্ষর করতে হবে।

১২. কেজিডিসিএল কিংবা পেট্রোবাংলার অন্য কোন কোম্পানির কর্তৃক সাময়িক স্থগিত/কালো তালিকাভুক্ত নয় মর্মে ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা।

১৩. স্বত্বাধিকারীর/ অংশীদারীর সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি ষ্ট্যাম্প সাইজের ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ।

১৪. স্বত্বাধিকারীর/ অংশীদারীর ও প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

তালিকাভুক্তি তফসিলের চাহিদা মোতাবেক উপরে উল্লিখিত কাগজপত্র/দলিলপত্র সংযোজন পূর্বক একটি A4 (এ-ফোর) সাইজের ক্লিপ ফাইলে উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), কেজিডিসিএল প্রধান কার্যালয় (৭ম তলা), ১৩৭/এ. সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম এর দপ্তরে আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে সকল কার্যদিবসে সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের প্যাডে আবেদনের মাধ্যমে দাখিল করতে হবে । আবেদন পত্র ক্রয় ও দাখিলের শেষ দিন কোন কারণে অফিস বন্ধ থাকলে তৎপরবর্তী কার্যদিবসের একই সময় শেষ তারিখ হিসাবে গণ্য হবে। গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ১.৩/১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য তালিকাভুক্তি তফসীলের অন্যান্য শর্তাবলী অপরিবর্তীত থাকবে। উল্লেখ্য যে, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে। তফসীলের শর্তাবলীর ব্যত্যয় ঘটালে এবং অসম্পূর্ণ আবেদন পত্র দাখিল করলে তা তালিকাভুক্তির অযোগ্য বলে বিবেচিত হবে। পেট্রোবাংলা কর্তৃক যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ সকল ঠিকাদার প্রতিষ্ঠান (স্থগিত কিংবা কালো তালিকাভুক্ত ঠিকাদার প্রতিষ্ঠান ব্যতিত) ১.৩/১.৪ শ্রেণিতে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন। আবেদনপত্র কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হলেই কেবলমাত্র তালিকাভুক্তি কার্যক্রম গ্রহণ করা হবে।

বিতরণ: সকল স্থাপনার নোটিশ বোর্ড/কেজিডিসিএল এর ওয়েবসাইট।

(প্রকৌঃ মোঃ শফিউল আজম খান)
উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)